

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮০৬

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৫৪. ধ্বংসকারী বিষয়াবলী সম্পর্কে

بَابِ فِي الْمُوْبِقَاتِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْفَضْلِ وَسُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا حَمَادٌ هُوَ ابْنُ زَيْدٍ قَالَ حَدَّثَنَا أَئْيُوبُ عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ عَنْ عُبَادَةَ بْنِ قُرْطِ قَالَ إِنَّكُمْ لَتَأْتُونَ أُمُورًا هِيَ أَدْقُ فِي أَعْيُنِكُمْ مِنْ الشَّعْرِ كُنَّا نَعْدُهَا عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ الْمُوْبِقَاتِ فَذَكِرْ لِمُحَمَّدٍ يَعْنِي ابْنَ سِيرِينَ فَقَالَ صَدَقَ فَأَرَى جَرَّ الْإِزَارِ مِنْ ذَلِكَ

বাংলা

২৮০৬. উবাদাহ ইবনু কুরত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, তোমরা এমন সব কাজ করে থাক, যা তোমাদের দৃষ্টিতে চুল থেকেও সুস্ক। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়ে আমরা এগুলোকে ধ্বংসকারী বিষয় বলে গণ্য করতাম। [1] এরপর এটি মুহাম্মদ অর্থাৎ ইবনু সীরীন (রহঃ) নিকট উল্লেখ করা হলে তিনি বললেন, তিনি সত্য বলেছেন। আর আমি মনে করি এসবের মধ্যে রয়েছে ইয়ার বা লুঙ্গি (টাখনুর নিচে) ছেঁচড়ে চলা।”

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৫/৭৯; ইবনুল আচীর, আসদুল গাবাহ ৩/১৬২; ইবনুল কানি', মুজামুস সাহাবাহ ৬৯০।

আর এর শাহিদ হাদিস রয়েছে খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মাজমাউয় যাওয়াইদ নং ৪০৪ তে, যার সনদ সহীহ। ((শাহিদ আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বুখারী, রিকাক ৬৪৯২।- মাজমাউয় যাওয়াইদ হা/৪০৪ এ মুহাকিকের টীকা হতে।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83091>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন